# আগস্ট/২০২২ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আনোয়ারুল ইসলাম<br>চেয়ারম্যান,<br>উপজেলা পরিষদ<br>কাউনিয়া, রংপুর। |
| তারিখ | ঃ | ১৭/০৮/২০২২খ্রি.। |
| সময় | ঃ | দুপুর ১২:০০ঘটিকা। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ। |
| আলোচ্য মাসঃ | ঃ | জুলাই/২০২২খ্রি.। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটি মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর গত ২৫/০৭/২০২২খ্রি. তারিখের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্র:ম | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় কোন বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী দাখিল করতে পারেননি। | আগামী সভায় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা। | ইউনিয়ন কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ ইউনিয়ন/ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে কিন্তু কার্যবিবরণী প্রেরণ করেননি। | আগামী সভায় ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী সহ উপস্থিত থাকার জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। |
| ০৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পেটিালের তথ্য হালনাগাদ করনঃ | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদে UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগনকে জানতে চাওয়া হলে বলেন যে,UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদে UDC গুলি তদারকি জন্য করার জন্য সকলকে বলা হলো। |

বিভাগ ওয়ারি আলোচনাঃ

১.উপজেলা স্বাস্থ্য বিভাগঃ

| ক্র:নং | আলোচ্য সুচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | জুলাই /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জুলাই/২২ মাসের উন্নয়নের চিত্র তুলে ধরেন। বহিঃবিভাগ-৮৬৫১, আন্তঃবিভাগ-৯৬৯,শয্যা ব্যবহারের হার-৬৫৬% জরুরী বিভাগ-৭৪৫, অপারেশন মাইনর-৩১৮,ডেলিভারী রোগী-নরমাল ২৬,সিজার-০৮,উপ-স্বাস্থ্য কেন্দ্র-১৫২৪,ডায়রিয়া-আঃ-৬৫, মৃত:০০,কোভিড-আক্রান্ত-৩৬৯, মৃত:০৬ ডেঙ্গু-আ:০০,মৃত:০০,যক্ষা-৩১,কুষ্ঠ-০১৪,পরীক্ষা-নাই,গর্ভবর্তী মহিলার টি.ডি-১৯৪, সাধা: ২৫১৯, বিসিজি-৪৮৫,হাম রোবেলা (এমআর-২)-৪৭৬,পেন্টা ভেলেন্ট-১৬৩৮ হেপাটইটিস বি/৩-১৬৩ এছাড়া ডায়রিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণ আছে। পর্যাপ্ত পরিমানে খাবার স্যালাইন ও অন্যান্য ঔষধ পত্র স্টক অনুয়ায়ী সরবরাহ করা হচ্ছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | জুলাই /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা কৃষি অফিসার বলেন যে, খরিপ-২ এর আমন আবাদের লক্ষ্যমাত্রা ১১,৪২১ হেঃ জমিতে বিভিন্ন প্রকল্পভিত্তিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইউরিয়া সারের দাম বৃদ্ধি পাওয়ায় সারের পরিমিত ব্যবহারে কৃষককে উদ্বুদ্ধ করা হচ্ছে। ০৯ টি বিসিআইসি ডিলার এবং ১৮ টি বিএডিসি ডিলারকে সার বিতরণের সকল ডকুমেন্টস মোবাইল নংসহ রেজিস্টারে উল্লেখ রাখার পরামর্শ দেওয়া হচ্ছে। পুরাতন ডিলারদের পারফরমেন্স ভাল না হওয়া পর্যন্ত ডিলার নিয়োগ দেওয়া উচিৎ হবে না মর্মে মতামত এসেছে সমন্বয় মিটিং এ। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, কাউনিয়া, রংপুর |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | জুলাই /২০২২ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণী সম্পদ অফিসার বলেন যে, তাঁর দপ্তরের নিয়মিত সকল কার্যাবলী যেমন-চিকিৎসা প্রদান, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, ঘাসের চারা বিতরণসহ সকল কাজ ভালভাবে চলছে। প্রাণি সম্পদ দপ্তরে মোবাইল ভেটেরিনারি ক্লিনিক প্রদান করা হয়েছে। যার মাধ্যমে প্রাণির চিকিৎসা সেবা আরও ভালভাবে সম্পাদন করা সম্ভব হবে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | জুলাই /২০২২ মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারিতি চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ

<table>
<tr>
<td>৫.</td>
<td>জুলাই /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা</td>
<td>
<table>
<tr><td rowspan="2">মাসের নাম</td><td colspan="3">অস্থায়ী পদ্ধতি</td><td colspan="2">দীর্ঘমেয়াদী পদ্ধতি</td><td colspan="2">স্থায়ী পদ্ধতি</td><td rowspan="2">সর্বমোট</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>ইনজেকটেবলস</td><td>IUD</td><td>ইমপ্ল্যানন</td><td>পুরুষ</td><td>মহিলা</td></tr>
<tr><td>জুলাই /২০২২</td><td>৫০৬</td><td>৭২</td><td>৫৭০</td><td>১৭</td><td>৩৩</td><td>-</td><td>০৬</td><td>১,২০৪</td></tr>
</table>
১। করোনা দুর্যোগকালীন UH@FWC/ গুলোতে স্বাভাবিক সেবার সাথে সাথে করোনা প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতামূলক বিশেষ ব্যবস্থাসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>
২। বাড়ি বাড়ি পরিদর্শনের সময় নিজস্ব নিরাপত্তা নিশ্চত করাসহ পরিবার পরিকল্পনা পদ্ধতি বিতরণ ও জনগণকে সচেতন করতে সকল পরিবার কল্যাণ সহকারি ওয়ার্ড পর্যায়ে ও পরিবার পরিকল্পনা পরিদর্শক ইউনিয়ন পর্যায়ে ভূমিকা পালন করছেন।<br>
৩। করোনা প্রতিরোধে সরকার কর্তৃক অর্পিত যেকোন অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনের তাগিদ প্রদান করা হয়েছে এবং স্বাস্থ্য বিধি
</td>
<td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর।</td>
</tr>
</table>

১৬. উপজেলা বন বিভাগঃ

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬. | জুলাই /২০২২ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা বন কর্মকর্তা জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। তিনি আরো জানান যে, বিভাগীয় বনকর্মকর্তা, সামাজিক বনবিভাগ, রংপুর মহোদয়ের দপ্তর পত্র নং-১৪০২, তাং: ২৩/০৪/২০২২ এবং নির্বাহী প্রকৌশলী সওজ, রংপুর মহোদয়ের পত্র নং-৮৯৫(৫), তাং: ১৯/০৪/২০২২ খ্রি. মোতাবেক রংপুর-বড়বাড়ী-কুড়িগ্রাম জাতীয় মহাসড়কের সাতমাথা হতে নব্দীগঞ্জ বাজার কাউনিয়া ফায়ার সার্ভিস এর বাঁকের স্থান গুলোতে রাস্তায় উভয় পার্শ্বে চিহ্নিত গাছ গুলো রাস্তা সম্প্রসারণ কাজের জন্য অপসারণ করতে হবে। তিনি জানান যে, উক্ত সড়কে ২০০৪-২০০৫ সনে গোদা শিমলা শহিদের চাতাল মীরবাগ বাজার পর্যন্ত (১০+৮)=১৮ কি:মি: এবং কাউনিয়া রেলগেট হতে বেইলী ব্রীজ পর্যন্ত ২০০৩-০৪ সনে ৬.০ কি:মি: স্ট্রীপ বাগান সৃজন করা হয়। মোট গাছের সংখ্যা ১,৯৪২ টি। সেই স্থানে বাগানের চিহ্নিত অংশ গুলোর গাছ সড়ক বিভাগসহ যৌথ মার্কিং করে লট আকারে প্রস্তুত করত: বিভাগীয় বনকর্মকর্তা, রংপুর মহোদয়ের দপ্তর হইতে নিলামে বিক্রি হবে এবং বিক্রয় লব্ধ অর্থ বিভাগীয় বন কর্মকর্তা, রংপুর বিভিন্ন উপকারভোগী গ্রুপের অংশের টাকা বিতরণের ব্যবস্থা করবে। | এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে জেলা বন ও পরিবেশ কমিটির অনুমোদন সাপেক্ষে বিভাগীয় বনকর্মকর্তা, রংপুর চিহ্নিত স্থানের গাছ গুলো দরপত্রের মাধ্যমে নিলামে বিক্রয় করত: উপকারভোগীগনের মাঝে লভ্যাংশ বন্টন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বনবিভাগ, রংপুর। |

বিবিধ বিষয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ ভবনে চা রুমের পানি নিস্কাশন ব্যবস্থা খুবই দুর্বল এবং চা রুমের পার্শ্বে ফটোকপিয়ার মেশিন রুমটির ওয়াল ডেমেজ হয়েছে। প্লেট বাটি রাখার জন্য র‍্যাক সেঁতসেঁতে হয়েছে। তিনি বলেন, টি রুম ও ফটোকপিয়ার মেশিন রুমসহ মেঝে টাইলস এবং টিরুমের আংশিক ওয়াল টাইলসসহ সংস্কার করা বিশেষ প্রয়োজন। তিনি সভায় সিদ্ধান্তের জন পেশ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভবনের টি রুম এবং ফটোকপি মেশিন রুমের মেঝে টাইলস এবং রুমগুলির আংশিক ওয়াল টাইলস করে অবশিষ্ট ওয়ালগুলোর প্লাষ্টার চটে পুটিং দিয়ে রংসহ অন্যান্য ওয়াল সংস্কার কাজ ০৫ সদস্য বিশিষ্ট পিআইসি কমিটি গঠন করে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন/ বিশেষ বরাদ্দ/টি আর খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার , প্রকল্প বাস্তবায়ন অফিসার কাউনিয়া, রংপুর। |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে, তাঁর অফিস এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ ০২টি ল্যাট্রিন টাইলস গুলি ফ্যাকাশে এবং কালো দাগ-মরিচা পড়েছে, সুইপার অনেক চেষ্টা করেও ঠিক করতে পারছেন না। তিনি অভিজ্ঞ টাইলস মিস্ত্রি কর্তৃক ক্যামিকেল দিয়ে দাগগুলি পরিস্কার ব্যবস্থা নেওয়া প্রয়োজন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের অফিসের ল্যাট্রিনগুলি স্থানীয় মিস্ত্রি কর্তৃক পরিস্কার করে ভাউচারমূলে টুকিটাকি মেরামত বিল রাজস্ব তহবিল(বাসাবাড়ী)খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার , কাউনিয়া, রংপুর |
| ০৩ | উপজেলা নির্বাহী অফিসার জানান যে,স্থানীয় সরকার, স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা মোতাবেক নিরাপত্তা বাহিনী আনসার সদস্যদের উপজেলা পরিষদ চত্বরে বসবাসের ব্যারাক নির্মাণ করা হলেও পানির এবং কোন ফ্যানের ব্যবস্থা নেই। তিনি বরিং করে টিউবওয়েল স্থাপন,পানির মটর,পানির টেংকি ১০০০ লিটার ০১টি,০৩টি ষ্ট্যাড ফ্যান,০২টি খাঁচা ফ্যান,বেসিন ০২টি, পাকঘরে সিন ০১টি এবং পানির লাইন স্থাপন ও বিদ্যুৎ মিটার ব্যবস্থা করা প্রয়োজন। এছাড়া আনসার সেডের চতুপার্শ্বে টিনদিয়ে ঘেরাও করণ করা প্রয়োজন। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিরাপত্তা বাহিনী আনসার সদস্যদের উপজেলা পরিষদ চত্বরে বসবাসের ব্যারাক নির্মাণ করা হলেও পানির এবং কোন ফ্যানের ব্যবস্থা নেই। ০৫ সদস্য বিশিষ্ট পিআইসি কমিটি গঠন করে বরিং করে টিউবওয়েল স্থাপন,পানির মটর,পানির টেংকি ১০০০ লিটার ০১টি,০৩টি ষ্ট্যান্ড ফ্যান,০২টি খাঁচা ফ্যান,বেসিন ০২টি, পাকঘরে সিন ০১টি এবং পানির লাইন স্থাপন ও বিদ্যুৎ মিটার স্থাপনসহ টিন দিয়ে ঘেরাওকরণ ও অন্যান্য কাজ ০৫ সদস্য বিশিষ্ট পিআইসি কমিটি গঠন করে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষন/ বিশেষ বরাদ্দ/টি আর হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার , প্রকল্প বাস্তবায়ন অফিসার কাউনিয়া, রংপুর। |
| ০৪ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে,উপজেলা পরিষদে পূর্বে ১৬টি সিসি ক্যামেরা মধ্যে ০৮টি চালু থাকলেও বর্তমানে অচল অবস্থায় রয়েছে। উপজেলা পরিষদে পর্যবেক্ষণ করে দেখা গেছে মোট=৩২টি ক্যামেরা প্রয়োজন। অবশিষ্ট ক্যামেরা নতুন এবং পূর্বের ০৮টি সচল করা প্রয়োজন। | এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ/চত্বরে পুরাতন সিসি ক্যামেরা সচলসহ মোট ৩২টি উন্নতমানের ক্যামেরা স্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে আহবায়ক করে ০৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করে আরএফকিউ মাধ্যমে বাস্তবায়ন করে রাজস্ব তহবিল ০৩-প ক্লোজ সার্কিট ক্যামেরা ক্রয়:খাত হতে ব্যয় নির্বাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |
| ০৫ | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ ভবনের নিচ তলায় 'মুজিব কর্ণার' তৈরী করা প্রয়োজন। তিনি সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ ভবনের নিচ তলায় 'মুজিব কর্ণার' তৈরী করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেল া পরিষদ, উপজেলা নির্বাহী কাউনিয়া, রংপুর। |

বিভাগীয় আলোচনা শেষে উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ও উপজেলা পরিষদ মাসিক সভার সম্মানিত সভাপতি, কাউনিয়া, রংপুরকে তাঁর মূল্যবান বক্তব্য পেশ করার জন্য অনুরোধ করেন। সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। উপস্থিত সকল সদস্য ও বিভাগীয় কর্মকর্তাগণকে উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে যেসকল আলোচনা হলো সেবিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন এবং উন্নয়নমূলক কাজে সকলের স্বত:স্ফূর্ত ভাবে অংশগ্রহনের আহবান জানিয়ে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/৮/২২

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

6

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.১৯- ৫৪৮/৬ তারিখঃ ২১/০৮/২০২২খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ............................................................................... (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ...................................................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

২১/০৮/২২
(তাহমিনা তারিন)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd